ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ
ও আর নিজাম রোড শাখা।

ওয়েব সাইটের প্রকাশের কপি
(একাধিক তফসিলের জন্য)

**অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, জনাব শফিউল আলম , পিতা-মরহুম জেবর মুল্লুক, মাতা-----------------, ব্যবসায়িক ঠিকানা-০৭,আগ্রাবাদ বা/এ,চট্টগ্রাম, বর্তমান ঠিকানা-উত্তর পতেঙ্গা, পূর্ব কাটগড়, পতেঙ্গা চট্টগ্রাম, স্থায়ী ঠিকানা- উত্তর পতেঙ্গা, পূর্ব কাটগড়,পতেঙ্গা,চট্টগ্রাম , কর্তৃক ইউসিবি, ও আর নিজাম রোড,শাখা হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভূক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি (যদি থাকে) রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ৩১-০৭-২০২১ ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট ৫০,৭৯,০৮,৬৬৬.৩১ (পঞ্চাশ কোটি উনআশি লক্ষ আট হাজার ছয়শত ছেষট্টি এবং পয়সা একত্রিশ টাকা সহ অন্যান্য আনুসাঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

**বন্ধকী সম্পত্তিসমূহের তফসিল**

১ মৌজা- হালিমখাঁর চর, ৫ নং হাবিলাসদ্বীপ ইউনিয়ন পরিষদ,উপজেলা-পটিয়া, জেলা- চট্টগ্রাম, জে,এল,নং-০৩,আর.এস জরিপের ২৭৭ নং খতিয়ানের আর.এস,২২৭৬ দাগ সম্পূর্ণ তৎ সামিল বি,এস,জরিপের ৬০০ নং খতিয়ানের বি.এস,২৬৮৫ দাগ সম্পূর্ণ বিক্রীত মোয়াজী-১০ শতক বা ৫ গন্ডা নাল জমি।

২) মৌজা-হালিমখাঁর চর, ৫ নং হাবিলাসদ্বীপ ইউনিয়ন পরিষদ,উপজেলা-পটিয়া, জেলা- চট্টগ্রাম, জে,এল,নং-০৩,আর.এস জরিপের ২৭৭ নং খতিয়ানের আর.এস,২২২৭ দাগ সম্পূর্ণ তৎ সামিল বি,এস,জরিপের ৬০০ নং খতিয়ানের বি.এস,২৭৭১ দাগ সম্পূর্ণ মোয়াজী- ৪২ শতক বা (এক কানি,এক গন্ডা) নাল জমি।

৩) মৌজা- হালিমখাঁর চর, ৫ নং হাবিলাসদ্বীপ ইউনিয়ন পরিষদ,উপজেলা-পটিয়া, জেলা- চট্টগ্রাম, জে,এল,নং-০৩,আর.এস জরিপের ৪৫৭ নং খতিয়ানের আর.এস,২২২৮ দাগ সম্পূর্ণ তৎ সামিল বি,এস,জরিপের ৬০০ নং খতিয়ানের বি.এস,২৭৭৩ দাগ সম্পূর্ণ মোয়াজী- ২৯ শতক বা (চৌদ্দ গন্ডা, দুই কড়া) নাল জমি।

৪) মৌজা- হালিমখাঁর চর, ৫ নং হাবিলাসদ্বীপ ইউনিয়ন পরিষদ,উপজেলা-পটিয়া, জেলা- চট্টগ্রাম, জে,এল,নং-০৩,আর.এস জরিপের ৭০০ নং খতিয়ানের আর.এস, ২২৯৮ দাগ সম্পূর্ণ তৎ সামিল বি,এস,জরিপের ৬০০ নং খতিয়ানের বি.এস, ২৭৯০ দাগ সম্পূর্ণ মোয়াজী- ১৪ শতক বা ৭ গন্ডা নাল জমি।

৫) মৌজা-হালিমখাঁর চর, ৫ নং হাবিলাসদ্বীপ ইউনিয়ন পরিষদ,উপজেলা-পটিয়া, জেলা- চট্টগ্রাম, জে,এল,নং-০৩,আর.এস জরিপের ৪৮১ নং খতিয়ানের আর.এস, ২৩৩০ দাগ সম্পূর্ণ তৎ সামিল বি,এস,জরিপের ৬০০ নং খতিয়ানের বি.এস, ২৮২৮ দাগ সম্পূর্ণ মোয়াজী- ২৪ শতক বা ১২ গন্ডা নাল জমি।

৬) মৌজা- হালিমখাঁর চর, ৫ নং হাবিলাসদ্বীপ ইউনিয়ন পরিষদ,উপজেলা-পটিয়া, জেলা- চট্টগ্রাম, জে,এল,নং-০৩,আর.এস জরিপের ৬৪৪ নং খতিয়ানের আর.এস, ২৩০৯ দাগ সম্পূর্ণ তৎ সামিল বি,এস,জরিপের ৬০০ নং খতিয়ানের বি.এস, ২৮৯১ দাগ সম্পূর্ণ মোয়াজী- ৩৩ শতক বা (১৬ গন্ডা ২ কড়া) নাল জমি।

৭) মৌজা- হাবিলাসদ্বীপ, ৫ নং হাবিলাসদ্বীপ ইউনিয়ন পরিষদ,উপজেলা-পটিয়া, জেলা- চট্টগ্রাম, জে.এল,নং- ৬১,আর.এস জরিপের ১৪২৮ নং খতিয়ানের আর.এস, ৬২১ দাগ সম্পূর্ণ তৎ সামিল বি,এস,জরিপের ৯৫১ নং খতিয়ানের বি.এস, ৭০২ দাগ সম্পূর্ণ মোয়াজী- ০২ শতক বা ১ গন্ডা নাল জমি।

৮) মৌজা- হাবিলাসদ্বীপ, ৫ নং হাবিলাসদ্বীপ ইউনিয়ন পরিষদ,উপজেলা-পটিয়া, জেলা- চট্টগ্রাম, জে.এল,নং- ৬১,আর.এস জরিপের ৩০৪ নং খতিয়ানের আর.এস, ৬২২ দাগ সম্পূর্ণ তৎ সামিল বি,এস,জরিপের ৯৫১ নং খতিয়ানের বি.এস, ৭০৩ দাগ সম্পূর্ণ মোয়াজী- ১১ শতক বা (পাঁচ গন্ডা, দুই কড়া) নাল জমি।

৯) মৌজা- হাবিলাসদ্বীপ, ৫ নং হাবিলাসদ্বীপ ইউনিয়ন পরিষদ,উপজেলা-পটিয়া, জেলা- চট্টগ্রাম, জে,এল,নং- ৬১,আর.এস জরিপের ১৪৩৭ নং খতিয়ানের আর.এস, ৬২৪ দাগ সম্পূর্ণ তৎ সামিল বি,এস,জরিপের ৯৫১ নং খতিয়ানের বি.এস, ৭০৪ দাগ সম্পূর্ণ মোয়াজী- ১৫ শতক বা (সাত গন্ডা, দুই কড়া) নাল জমি।

১০) মৌজা- হালিমখাঁর চর, ৫ নং হাবিলাসদ্বীপ ইউনিয়ন পরিষদ,উপজেলা-পটিয়া, জেলা- চট্টগ্রাম, আর.এস জরিপের ৫৮৮ নং খতিয়ানের আর.এস, ২২৯৬ দাগ আন্দর তৎ সামিল বি.এস,জরিপের ৭১৭ নং খতিয়ানের বি.এস, ২৭৯৩ দাগ সম্পূর্ণ বিক্রিত মোয়াজী- ১১ শতক বা (পাঁচ গন্ডা, দুই কড়া) নাল জমি।

## নিলামের শর্তাবলী ঃ-

১। আগামী ২২-০৮-২০২১ ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, ও আর নিজাম রোড,শাখায় রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।

২। প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, ও আর নিজাম রোড, শাখার অনুকুলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

৩। অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহব্বান করিতে পারিবেন।

৪। দরদাতাগণ তফসিলভূক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন, তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবেনা।

৫। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।

৬। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকুলে নিলামকৃত সম্পত্তি রেজিষ্ট্রি দলিলমুলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিষ্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিষ্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে ।

৭। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ব/স্বত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহনযোগ্য হইবে না।

৮। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

৯। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহন বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।

**ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, ও আর নিজাম রোড,শাখা ।**